Bangladesh

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
সার্কেট হাউজ রোড, রাজশাহী
ফোন: ০৭২১-৭৭৩৪০৩
bsarajshahi@gmail.com

মুজিব বর্ষ

বিষয় ঃ বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী জেলা শাখায় প্রশিক্ষণ কোর্সে ভর্তি প্রসংগে।

বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী জেলা শাখার পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ি স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ ক্লাশ পরিচালনার জন্য জানুয়ারি থেকে ডিসেম্বর ২০২২ সেশনে সংগীত, নৃত্য, সুন্দর হাতের লেখা, তবলা, চিত্রাংকন এবং আবৃত্তি ও উপস্থাপনাশৈলী বিষয়ক প্রশিক্ষণ কোর্সের নুতন ও পুরাতন ব্যাচে ছাত্র/ছাত্রী ভর্তি নেয়া হবে।

উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য আগ্রহী স্কুলের ছাত্র/ছাত্রীদের ও শিশু সংগঠনের সদস্যদের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে। ভর্তির ব্যাপারে সার্বিক সহযোগিতা করার জন্য অভিভাবক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সভাপতি/সম্পাদক, শিশু সংগঠনের কর্মকর্তাদের বিশেষভাবে অনুরোধ করা হলো।

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

১. বাংলাদেশ শিশু একাডেমির নির্ধারিত ফরমে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী জেলা শাখা বরাবর আবেদন করতে হবে।
২. আবেদন পত্র ও ভর্তি আগামী ০১ ডিসেম্বর ২০২১ থেকে ৩০ ডিসেম্বর ২০২১ রোজ বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে।
৩. সংগীত, নৃত্য, সুন্দর হাতের লেখা, তবলা, চিত্রাংকন এবং আবৃত্তি ও উপস্থাপনাশৈলী বিষয়ে শিশুসহ অভিভাবকদের শুভেচ্ছা সাক্ষাৎকার ও বরণ অনুষ্ঠান আগামী ০১ জানুয়ারি ২০২২ রোজ শনিবার বিকাল ৩.৩০ টায় বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
৪. বয়সসীমাঃ- সংগীত, তবলা ও সুন্দর হাতের লেখা বিষয়ের জন্য ৫ থেকে ১৪ বৎসরের মধ্যে হতে হবে। নৃত্য, চিত্রাংকন ও আবৃত্তি ও উপস্থাপনাশৈলী বিষয়ের জন্য ৪ থেকে ১৪ বৎসরের মধ্যে হতে হবে।
৫. প্রশিক্ষণ ক্লাসে বিষয় ভিত্তিক ভর্তি ফি, বাৎসরিক বেতন, শিশু পত্রিকাসহ আনুষঙ্গিক বাবদ ২০৫০/- (দুই হাজার পঞ্চাশ) টাকা একাডেমির লাইব্রেরি শাখায় জমা দিয়ে প্রাপ্তি রশিদ গ্রহণ করতে হবে।
৬. ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ভর্তি ফরমের সংগে জমা দিতে হবে।
৭. ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের একাডেমির নির্ধারিত পোষাক পরিধান করে প্রশিক্ষণ ক্লাশে উপস্থিত হতে হবে।

১৬/১১/২০২১
মো. মনজুর কাদের
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সভাপতি/সম্পাদক

রাজশাহী সরঃ মডেল স্কুল এন্ড কলেজ

স্মারক নং- বাশিএ/রাজ/২০২১-২২/৬১(২০)

তারিখ : ১৬/১১/২০২১খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল।
১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০
২। জেলা প্রশাসক, রাজশাহী
৩। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, রাজশাহী (কার্যার্থে)
৪। উপ-পরিচালক, গণ যোগাযোগ অধিদপ্তর, রাজশাহী (কার্যার্থে)
৫। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (কার্যার্থে)
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী (কার্যার্থে)
৭। অফিস নথি

১৬/১১/২০২১
মো. মনজুর কাদের
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমী, রাজশাহী